

প্রিয় প্রবাসী বাংলাদেশী ভাই ও বোনেরা
আসসালামু আলাইকুম,

আন্তর্জাতিক অভিবাসী দিবস- ২০২০ উপলক্ষ্যে আমি সংযুক্ত আরব আমিরাতে বসবাসরত সকল অভিবাসী বাংলাদেশীদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। এবারের আন্তর্জাতিক অভিবাসী দিবস আমাদের সকলের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ। জাতির জনকের শততম জন্মবার্ষিকীতে এ দিবসের শ্লোগান ‘মুজিববর্ষের আহ্বান, দক্ষ হয়ে বিদেশ যান’ অত্যন্ত সময়োপযোগী।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার প্রবাসী বাস্তুব সরকার। তাঁর সরকার বৈশ্বিক চাহিদার ভিত্তিতে দক্ষ জনশক্তি তৈরি, কারিগরি প্রশিক্ষণ, অভিবাসন ব্যয় হ্রাস, প্রবাসীদের অর্জিত বৈদেশিক মুদ্রার সর্বোত্তম ব্যবহার এবং প্রবাসীদের পরিবারের নিরাপত্তা নিশ্চিতকরাসহ অভিবাসন ব্যবস্থাপনাকে নিরাপদ, স্বচ্ছ, ন্যায়সঙ্গত ও গতিশীল করতে বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছে এবং এগুলো বাস্তবায়নে নিরলস চেষ্টা চালিয়ে যাচ্ছে।

করোনা মহামারি পরিস্থিতিতে আন্তর্জাতিক শ্রমবাজারে নেতিবাচক প্রভাব পড়লেও আপনারা এ মহামারির মধ্যেও রেকর্ড পরিমাণ রেমিট্যান্স প্রেরণের মাধ্যমে দেশের অর্থনীতিকে সচল রেখেছেন। এ জন্য বাংলাদেশ সরকার ও জনগণ আপনাদের প্রতি কৃতজ্ঞ। এ দুর্যোগকালে সরকার সাধের মধ্যে দুর্দর্শিত্রস্ত প্রবাসীদের দূতাবাসের মাধ্যমে খাদ্য সহায়তা নিশ্চিত করেছে।

প্রিয় প্রবাসী ভাই ও বোনেরা,

অভিবাসী কর্মীদের সকল ধরনের সেবা নিশ্চিত করার জন্য আমাদের দূতাবাস সর্বদা সচেতন আছে। এ করোনা মহামারীকালে সবাই ধৈর্য ধারণ করি। নিজেকে এবং দেশে বসবাসকারী পরিবারের সদস্যদের নিরাপদ রাখার জন্য স্বাস্থ্য বিধি মেনে চলি। আপনাদের সরকার সুস্বাস্থ্য, সুন্দর জীবন ও উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি।

খোদা হাফেজ

(মোঃ আবু জাফর)

রাষ্ট্রদূত

সংযুক্ত আরব আমিরাতে